# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**12-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রবাদপ্রতিম সঙ্গীতশিল্পী, পদ্মবিভূষণ আশা ভোঁসলের জীবনাবসান। বয়স হয়েছিল ৯২ বছর।

২/ সংসদে তিন দিনের বিশেষ অধিবেশনের আগে লোকসভা ও রাজ্যসভার দলনেতাদের খোলা চিঠি প্রধানমন্ত্রীর। মহিলা সংরক্ষণ আইনের সংশোধনী পাশের ক্ষেত্রে ঐকমত্যের আহ্বান।

৩/ দেশে পেট্রোল ডিজেল ও রান্নার গ্যাসের কোনও অভাব নেই। সার কারখানাগুলিতে গ্যাসের জোগানে আরও পাঁচ শতাংশ বৃদ্ধি। হরমুজ প্রণালী নিরাপদে অতিক্রম করল এল পি জি ভর্তি আরও একটি ভারতীয় জাহাজ।

৪/ পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের রবিবাসরীয় প্রচার জমজমাট। শিলিগুড়ির কাওয়াখালিতে বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বাঁকুড়ার সোনামুখীতে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সভা। পূর্ব, পশ্চিম বর্ধমান ও বাঁকুড়ায় নির্বাচনী প্রচার তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৫/ পশ্চিম এশিয়া নিয়ে ইসলামাবাদে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের একুশ ঘণ্টার রুদ্ধদ্বার আলোচনা ব্যর্থ।

৬/ আই পি এল ক্রিকেটে আজ লখনউ সুপার জায়ান্টস, গুজরাট টাইটান্সের এবং মুম্বই ইন্ডিয়ান্স, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি।

oooooooooooooooooooooo

প্রবাদপ্রতিম সংগীতশিল্পী, পদ্মবিভূষণ আশা ভোঁসলের জীবনাবসান হয়েছে। বয়স হয়েছিল ৯৩ বছর।দক্ষিণ মুম্বাইয়ের একটি হাসপাতালে কিছুক্ষণ আগে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন বলে মহারাষ্ট্রের সংস্কৃতি মন্ত্রী আশিস শেলার জানিয়েছেন। তাঁর চিকিৎসক প্রতীত সামদানিও সেই সময়ে উপস্থিত ছিলেন। অবসাদ ও বুকে সংক্রমণের সমস্যা নিয়ে গত সন্ধ্যায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। তাঁর শেষকৃত্য আগামীকাল বিকেল ৪টায় শিবাজী পার্কে সম্পন্ন হবে।

আটদশকেরও বেশি সময়জুড়ে বিস্তৃত সংগীতজীবনে আশা ভোঁসলে তাঁর বহুমুখী প্রতিভার জন্য শ্রোতাদের মনে স্থায়ী আসন অধিকার করেছেন। রোম্যান্টিক গান, গজল থেকে শুরু করে ডিস্কো, চটুল গান—সঙ্গীতের যেকোন ধারাতেই তিনি ছিলেন সমান সাবলীল। বিভিন্ন ভাষায় ১২ হাজারের বেশী গান রেকর্ড করেছেন তিনি।

(গান)

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০২৯ সালের লোকসভা এবং বিধানসভা নির্বাচন থেকেই মহিলা সংরক্ষণ আইন বা "নারী শক্তি বন্দন অধিনিয়ম" কার্যকর করার সময় এসেছে। সংসদের তিন দিনের বিশেষ অধিবেশনের আগে লোকসভা ও রাজ্যসভার দলনেতাদের কাছে লেখা এক চিঠিতে তিনি এই আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, মহিলা আইনের সংশোধনগুলি পাসের ক্ষেত্রে সমস্ত সদস্যদের একজোট হয়ে সমর্থন দেওয়া উচিত।

গত ১১ ই এপ্রিল লেখা চিঠিতে শ্রী মোদী বলেন,বহু আলোচনার পর, আমরা এই সিদ্ধান্তে পৌঁছতে পেরেছি যে, গোটা দেশজুড়ে নারী শক্তি বন্দন অধিনিয়ম বাস্তবায়ন করার উপযুক্ত মুহূর্ত এসেছে।

উল্লেখ্য, চলতি বাজেট অধিবেশনের সময় ১৬ ই এপ্রিল থেকে ১৮ই এপ্রিল, তিনদিন বর্ধিত করা হয়েছে।

oooooooooooooooooooooo

সংসদের তিন দিনের বিশেষ অধিবেশনে আগামী ১৬ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত উপস্থিত থাকতে বিজেপি দলীয় সাংসদদের প্রতি হুইপ জারি করেছে।

দলের পক্ষ থেকে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, কেন্দ্রীয় মন্ত্রী এবং সাংসদদের এই তিন দিনই সংসদে উপস্থিত থাকতে হবে।

সংসদের তিন দিনের বিশেষ অধিবেশন ১৬ এপ্রিল থেকে শুরু হওয়ার কথা, এই অধিবেশনে মহিলা সংরক্ষণ সংশোধনী বিল বিশেষ গুরুত্ব পাবে বলে ওয়াকিবহাল মহলের ধারণা।

oooooooooooooooooooooo

চলতি মাসের ১০ তারিখ থেকে সারা দেশে জাতীয় মহাসড়কের টোল প্লাজাগুলিতে শুধুমাত্র ফাস্ট্যাগ বা ইউপিআই-এর মাধ্যমেই টোল দেওয়া যাচ্ছে বলে সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রক জানিয়েছে। তবে ভোটমুখী চার রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে আদর্শ আচরণ বিধি বলবত্‌ থাকার কারণে এখনই এই পরিবর্তন কার্যকর হচ্ছে না।

oooooooooooooooooooooo

সরকার জানিয়েছে, সার কারখানাগুলির জন্য গ্যাসের বরাদ্দ আরও ৫ শতাংশ বৃদ্ধি করা হচ্ছে। এক বিবৃতিতে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, গত মার্চ মাস থেকে এ পর্যন্ত প্রায় ৪ লক্ষ ১৫ হাজার পিএনজি (PNG) সংযোগ চালু করা হয়েছে এবং প্রায় ৪ লক্ষ ৫৫ হাজার অতিরিক্ত গ্রাহক নতুন করে এই সংযোগ নিয়েছেন। এখন পর্যন্ত ২৬,০০০-এরও বেশি পিএনজি গ্রাহক 'MYPNGD.in' ওয়েবসাইটের মাধ্যমে তাঁদের এলপিজি (LPG) সংযোগ প্রত্যাহার করেছেন। দেশে পর্যাপ্ত পরিমাণে পেট্রোল, ডিজেল, এল পি জি মজুত রয়েছে বলে সরকার ফের আশ্বস্ত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ পরিবহন মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল জানিয়েছেন, ২৪ জন নাবিক সহ ভারতীয় পতাকাবাহী জাহাজ জগ **বিক্রম** সফলভাবে পারস্য উপসাগরীয় অঞ্চল অতিক্রম করেছে। এর আগে জাহাজটি নিরাপদে হরমুজ প্রণালী পেরিয়ে আসে। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী সোনোয়াল একথা জানিয়ে বলেছেন, জাহাজটিতে ২০ হাজার ৪১২ মেট্রিক টন এলপিজি রয়েছে। আগামী ১৫ ই এপ্রিল সেটির দেশে পৌঁছনোর কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মণিপুরের উখরুল জেলায় নিরাপত্তা বাহিনী ২১ টি অবৈধ বাঙ্কার ধ্বংস করে দিয়েছে। সিকিবুং গ্রামে ১৪ টি এবং মঙ্কোটচেকুতে ৭ টি বাঙ্কার গুঁড়িয়ে দেওয়া হয়েছে।

পৃথক একটি অভিযানে তেংনৌপাল জেলার মোরেহ এলাকা থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ বায়েজাপ্ত করা হয়েছে বলে স্থানীয় পুলিশ সূত্রে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরের অমরনাথ যাত্রা তেসরা জুলাই শুরু হবে। শেষ হবে ২৮ শে আগস্ট, রাখী বন্ধন উৎসবের দিন। সমাজমাধ্যমের এক বার্তায় জম্মু কাশ্মীরের উপরাজ্যপাল মনোজ সিনহা বলেছেন, ভগবানের শিবের আশীর্বাদ লাভের জন্য প্রথম পূজা হবে ২৯ শে জুন জ্যৈষ্ঠ পূর্ণিমার দিন।

তীর্থযাত্রীরা ১৫ ই এপ্রিল থেকে অনলাইন ও অফলাইন উভয় মাধ্যমেই অগ্রিম নাম নথিভুক্ত করতে পারবেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের রবিবাসরীয় প্রচার জমজমাট। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতৃত্ব রাজ্যের নানা প্রান্তে জনসভা, রোড শো-তে অংশ নিচ্ছেন।

বর্ষীয়ান বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিলিগুড়ির কাওয়াখালিতে একটি জনসভায় যোগ দিয়ে বলেছেন, বাংলার মানুষ উৎসাহভাবে বিজেপির প্রতি সমর্থন ব্যক্ত করছেন। পরিবর্তনের জন্য গোটা বাংলা উন্মুখ।

(বাইট – প্রধানমন্ত্রী)

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ সোনামুখি বিধানসভার বিজেপি প্রার্থী দিবাকর ঘরামীর সমর্থনে পাত্রসায়র গরুর হাটতলা ময়দানে জনসভায় যোগ দিয়েছেন । এছাড়াও রাজ্যে আরও দুটি জনসভায় যোগ দেওয়ার কর্মসূচী রয়েছে তাঁর। সোনামুখিতে যোগী আদিত্যনাথ বলেন, বাংলায় পরিবর্তনের সময় এসেছে।

oooooooooooooooooooooo

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পূর্ব ও পশ্চিম বর্ধমানে ও বাঁকুড়ায় একাধিক জনসভা করেছেন। খন্ডঘোষের জনসভায় মুখ্যমন্ত্রী বিজেপি-র তীব্র সমালোচনা করেন।

(বাইট – মমতা)

ওন্দা বিধানসভার তৃণমূল কংগ্রেস প্রার্থী সুব্রত দত্ত-র সমর্থনে ওন্দা হাইস্কুলের ফুটবল মাঠে জনসভায় যোগ দেবেন তিনি। পরে দুপুর দেড়টায় ছাতনা বিধানসভার প্রার্থী স্বপন কুমার মণ্ডলের সমর্থনে ছাতনার শালচূড়া ফুটবল মাঠে সভা করার কথা রয়েছে তাঁর।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ হুগলির ডানলপ কারখানা মাঠে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন।

সিপিআইএম এবং কংগ্রেস প্রার্থীরাও আজ রোড শো, বাড়ি বাড়ি প্রচার সহ নানা কর্মসূচীতে যোগ দিচ্ছেন।

oooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ার শান্তি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে উচ্চপর্যায়ের বৈঠক কোনো চুক্তি ছাড়াই শেষ হয়েছে। পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে দীর্ঘ ২১ ঘণ্টার রুদ্ধদ্বার আলোচনার পর দুই পক্ষ ঐক্যমত্যে পৌঁছতে ব্যর্থ হয়। মার্কিন উপরাষ্ট্রপতি জেডি ভ্যান্স জানিয়েছেন, আলোচনা ফলপ্রসূ হলেও কোনো চূড়ান্ত সমঝোতায় পৌঁছানো সম্ভব হয়নি। ওয়াশিংটন ও তেহরানের মধ্যে কয়েক দশকের মধ্যে এই প্রথম সর্বোচ্চ পর্যায়ের সরাসরি বৈঠক অনুষ্ঠিত হলো। ভ্যান্স জানান, ইরান কোনোভাবেই পরমাণু অস্ত্র তৈরি করবে না, এই মর্মে ওয়াশিংটন তেহরানের কাছ থেকে দীর্ঘমেয়াদী এবং স্পষ্ট প্রতিশ্রুতি চেয়েছিল। আমেরিকার পক্ষ থেকে যথেষ্ট নমনীয়তা দেখানো হলেও সেই প্রস্তাব ইরান গ্রহণ করেনি।

অন্যদিকে, ইরান সরকারের পক্ষ থেকে সমাজমাধ্যম 'এক্স'-এ জানানো হয়েছে যে, কিছু বিষয়ে মতপার্থক্য থাকলেও আলোচনা চালিয়ে যেতে তাঁরা আগ্রহী। গতকালের

বৈঠকে পশ্চিম এশিয়ায় যুদ্ধবিরতি, আমেরিকায় আটকে থাকা ইরানের সম্পদ মুক্তি এবং হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচলের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে আলোচনা হয়।মার্কিন প্রতিনিধিদলে জেডি ভ্যান্সের পাশাপাশি স্টিভ উইটকফ এবং জ্যারেড কুশনার উপস্থিত ছিলেন। ইরানের পক্ষে নেতৃত্ব দেন পার্লামেন্ট স্পিকার মহম্মদ বাকের কালিবাফ এবং বিদেশমন্ত্রী আব্বাস আরাগচি।

এদিকে আলোচনার মধ্যেই মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প কড়া বার্তায় জানিয়েছেন, ইরানের সঙ্গে কোনো চুক্তি না হলেও হরমুজ প্রণালীতে মার্কিন অভিযান অব্যাহত রয়েছে। আমেরিকা সেখানেই ইতিমধ্যেই জয়ী হয়েছে।

এদিকে, ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এক ভিডিও বার্তায় দাবি করেছেন, ইরানের পরমাণু উচ্চাকাঙ্ক্ষা নস্যাৎ করে দিয়ে ইসরায়েল ঐতিহাসিক সাফল্য অর্জন করেছে। ইরানের বিরুদ্ধে তাদের অভিযান এখনই শেষ হচ্ছে না বলেও তিনি সতর্ক করেছেন।

oooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত ভারতীয় রাষ্ট্রদূত বিনয় মোহন কোয়াত্রা বলেছেন, ভারতের অর্থনৈতিক অগ্রগতির যাত্রা তার আন্তর্জাতিক অংশীদার রাষ্ট্রগুলির জন্য বৃহত্ সুযোগের পরিসর তৈরি করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র এর অগ্রভাগে রয়েছে। **কলম্বিয়া বিশ্ববিদ্যালয় আয়োজিত কলম্বিয়া ইন্ডিয়ান অর্থনীতি শিখর সম্মেলন ২০২৬**-এ ভাষণ দিতে গিয়ে ভারত মার্কিন দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বের কথা তুলে ধরেন শ্রী কোয়াত্রা। তিনি বলেন, পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা আরও এগিয়ে নিয়ে যাওয়া এবং পরিবর্তনশীল আন্তর্জাতিক পরিস্থিতি সামাল দেওয়ার ক্ষেত্রে ভারত মার্কিন অংশীদারিত্ব সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং তাৎপর্যপূর্ণ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দুদেশের উন্নতিতে বিশেষভাবে মনোযোগী। ২০৪৭ সালের মধ্যে বিকশিত

ভারতের লক্ষ্য অর্জনে পারস্পরিক অর্থনৈতিক সমৃদ্ধি অত্যন্ত প্রয়োজনীয় বলে শ্রী কোয়াত্রা মত প্রকাশ করেন।

oooooooooooooooooooo

আইপিএল ক্রিকেটে আজ প্রথম ম্যাচে লক্ষ্ণৌ সুপার জয়ান্টস, গুজরাট টাইটান্সের মুখোমুখি হবে। লক্ষ্ণৌয়ের একানা আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়।

অপর ম্যাচে মুম্বাইয়ে ওয়াংখেড়ে স্টেডিয়ামে মুম্বই ইন্ডিয়ান্স, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

ooooooooooooooooooooooo